নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২১৯১ ৩০ জুন ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে 'প্রজেক্ট প্রপোজাল রাইটিং' বিষয়ক কর্মশালা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে 'ওয়ার্কশপ অন প্রজেক্ট প্রপোজাল রাইটিং' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (৩০ জুন ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। কি-নোট স্পিকার ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মো. কামাল উদ্দিন (পিএইচডি)। কর্মশালায় আলোচক হিসেবে ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ। প্রোগ্রাম মাডারেটর ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলাম।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, এ ধরনের কর্মশালা আয়োজনের মাধ্যমে আমাদের জ্ঞানের পরিধি আরও বিস্তৃত হবে এ প্রত্যাশা করছি। এ কর্মশালার মাধ্যমে প্রজেক্ট প্রপোজাল রাইটিং বিষয়ে দক্ষতা অর্জিত হবে। এক্ষেত্রে ফান্ড একটি গুরুত্বপূর্ণ বিষয়। আমাদেরকে মনে রাখতে হবে বিশ্ববিদ্যালয় মূলত জ্ঞান সৃষ্টির জায়গা। তাই আমদের শিক্ষকদের দায়িত্বের বড় একটি অংশ হবে গুণগত গবেষণার ক্ষেত্রকে আরও সম্প্রসারিত করা।

এসময় উপাচার্য আরও বলেন, মানসম্মত প্রজেক্ট প্রপোজাল তৈরির মাধ্যমে আমাদের নতুন নতুন প্রজেক্ট নিয়ে আসতে হবে। এ ক্ষেত্রে এ ধরনের কর্মশালা আয়োজন অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। কর্মশালায় অংশগ্রহণকারী সবাইকে ধন্যবাদ এবং আয়োজনের সাফল্য কামনা করছি।

বিশেষ অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, এ কর্মশালার মাধ্যমে সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের শিক্ষকবৃন্দ প্রজেক্ট প্রপোজাল রাইটিং বিষয়ে আরও ভালো ধারণা অর্জন করবেন বলে আশা প্রকাশ করছি। আজকের কি-নোট স্পিকার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. কামাল উদ্দিনসহ কর্মশালায় অংশগ্রহণকারী সবাইকে ধন্যবাদ জানাচ্ছি।

কর্মশালার কি-নোট স্পিকার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. কামাল উদ্দিন বলেন, নোবিপ্রবি কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করছি এ ধরনের একটি কর্মশালা আয়োজনের জন্য। আশা করছি অংশগ্রহণমূলক বিভিন্ন সেশনের মাধ্যমে সবাই উপকৃত হবেন।

R. Kaiser

রায়হান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর